

তারিখ : 04/07/2016

শ্রী সুদর্শন সেন আর বি আই- এর নতুন কার্যনির্বাহী নির্দেশক এর দায়িত্ব নিলেন



শ্রী সুদর্শন সেন আজ ভারতীয় রিজার্ভ –এর নতুন কার্যনির্বাহী নির্দেশক এর দায়িত্ব নিলেন। তিনি ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগ, সমবায় ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগ এবং নন- ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগ গুলির দেখাশোনা করবেন।

শ্রী সেন, একজন বিশিষ্ট কেন্দ্রীয় ব্যাংক প্রশাসক, যিনি দীর্ঘদিন ব্যাংকের পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজে যুক্ত ছিলেন, কার্যনির্বাহী নির্দেশক এর দায়িত্ব গ্রহণ করার আগে তিনি ব্যাংকিং নিয়ন্ত্রণ বিভাগের প্রধানের দায়িত্বে ছিলেন। তিনি ভারতীয় রিজার্ভ ব্যাংকের আমেদাবাদ কার্যালয়ের আঞ্চলিক নির্দেশকও ছিলেন।

শ্রী সুদর্শন সেন আন্তর্জাতিক ব্যাংকিং এবং অর্থব্যবস্থা বিষয়ে বার্মিংহাম বিশ্ববিদ্যালয়, ইউ কে থেকে এম বি এ ডিগ্রী প্রাপ্ত হয়েছেন। তিনি দিল্লী বিশ্ববিদ্যালয় থেকে অংক শাস্ত্রে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেছেন।

আল্লনা কিল্লাওয়াল

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

প্রেস প্রকাশনী: 2016-2017/29